গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৭.২৩.৮৯৯

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

বিষয়: অক্টোবর, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের অক্টোবর, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০২/১১/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০২-১১-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩২৪২ | ১০০৭১ | ৩১৭১ | |
| মোট | ১৩২৪২ | ১০০৭১ | ৩১৭১ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৪৮ | ৪২৩ | ১৯৬৬ | ৬৩৪ | ৩১৭১ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১২৩টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২২ | - | ২২ | - | - | - | ২য় শ্রেণী হতে ১ম শ্রেণিতে পদোন্নতি |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্তঃ (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭২৮.২৪০৮<br>(সাতশত আটাশ কোটি চব্বিশ লক্ষ আট হাজার টাকা) | ১০১.৬১৫০<br>(একশত এক কোটি একষট্টি লক্ষ পঞ্চাশ হাজার টাকা)<br>১৪% | - | - |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৩৯৬টি (NON –SFI)<br>অগ্রিম- ২৪৩টি (SFI)<br>মোট- ৬৩৯টি | টাকার পরিমাণ<br>৬১৩,৪৫,৬৩,৫১৩/-<br>৭৪৮,৪৬,২৯,১৯৩/-<br>১৩৬১,৯১,৯২,৭০৬/-<br>(এক হাজার তিনশত একষট্টি কোটি একানব্বই লক্ষ বিরানব্বই হাজার সাতশত ছয় টাকা) | সাধারণ-১৯৩টি<br>সিদ্ধান্ত-(-)২৮টি<br>১৬৫টি<br>অক্টোবর(+)৬টি<br>মোট=১৭১টি<br>অগ্রিম- ২৮৩টি<br>সিদ্ধান্ত-(-)৩৯টি<br>২৪৪টি<br>অক্টোবর(+)৭টি<br>মোট=২৫১টি<br>মোট- ৪২২টি | সাধারণ-০১টি<br>অগ্রিম- ০৫টি<br>মোট- ০৬টি<br>টাকার পরিমাণ<br>সাধারণ-১৫৫৭৫০/-<br>অগ্রিম-২১০৪৭৮২/-<br>মোট- ২২৬০৫৩২/-<br>(বাইশ লক্ষ ষাট হাজার পাঁচশত বত্রিশ টাকা) | সাধারণ-৩৯৫টি (NON –SFI)<br>অগ্রিম- ২৩৮টি (SFI)<br>মোট- ৬৩৩টি<br>টাকার পরিমাণ<br>৬১৩,৪৪,০৭,৭৬৩/-<br>৭৪৮,২৫,২৪,৪১১/-<br>১৩৬১,৬৯,৩২,১৭৪/-<br>(এক হাজার তিনশত একষট্টি কোটি উনসত্তর লক্ষ বত্রিশ হাজার একশত চুয়াত্তর টাকা) | ১। ১৬টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৯/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৬টি আপত্তিই নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>২। ১৭টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ২৬/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৫টি আপত্তি পূর্বে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>৩। গত ০২/১০/২০২৩ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়, যশোর এ ১০টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। ৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১১১ | ০২ | ১১৩ | ০০ | ০৪ | ০৩ | ০৭ | ১৭ | ১০৬<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৬ টি,<br>৩য় শ্রেণির ৪৭ টি,<br>৪র্থ শ্রেণির ১৯ টি<br>মোট = ১০৬ টি |

(৯)　**মানবসম্পদ উন্নয়ন**

ক.　প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জানুয়ারি-জুন ২০২৩ সেশনে ৯৫৮১ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৫২৭০ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৪৩১১ জন |
| ২ | Upazila Social Services Officer's Capacity and Skill Development (1st batch) | ০৮ হতে ১২ অক্টোবর ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩১ জন |
| ৩ | সহকারী সমাজসেবা কর্মকর্তাদের ৫২তম বুনিয়াদি প্রশিক্ষণ | ১০ সেপ্টেম্বর হতে ১৯ অক্টোবর ২০২৩ | | ২৯ জন |
| ৪ | ওরিয়েন্টেশন | ০৩ অক্টোবর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ৭০ জন |
| ৫ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ০৮ হতে ১২ অক্টোবর ২০২৩ | | ২৭ জন |
| ৬ | পেশাগত দক্ষতা বৃদ্ধি | ১৫ হতে ১৯ অক্টোবর ২০২৩ | | ৩২ জন |
| ৭ | Office Management & ICT Course | ১৫ হতে ১৯ অক্টোবর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩১ জন |
| ৮ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ০১ হতে ০৫ অক্টোবর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৯ জন |
| ৯ | ডি-নথি ও দপ্তর ব্যবস্থাপনা | ০৮ হতে ১০ অক্টোবর ২০২৩ | | ২০ জন |
| ১০ | ওরিয়েন্টেশন | ০৮ হতে ১০ অক্টোবর ২০২৩ | | ২৭ জন |
| ১১ | ওরিয়েন্টেশন | ১৬ হতে ১৮ অক্টোবর ২০২৩ | | ৩০ জন |
| ১২ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৮ হতে ১২ অক্টোবর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ২৮ জন |
| ১৩ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৫ হতে ১৯ অক্টোবর ২০২৩ | | ২৭ জন |

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪ | ক্ষুদ্রঋণ কার্যক্রম ব্যবস্থাপনা | ০৭ হতে ১১ অক্টোবর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৩ জন |
| ১৫ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ১৪ হতে ১৬ অক্টোবর ২০২৩ | | ২৫ জন |
| ১৬ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৩ জন |
| ১৭ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ০৫ দিন | | ৩৮ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ডি-নথি ব্যবহার বিষয়ক | ২৫, ২৬ এবং ২৯ হতে ৩১ অক্টোবর ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ১১৭ জন |
| ০২ | ইনহাইজ প্রশিক্ষণ | ২৬ অক্টোবর ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ১৬ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৪৮ জন, ২য় শ্রেণির ৪২৩ জন, ৩য় শ্রেণির ১,৯৬৬ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১৭১ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ২০২৩-২৪ অর্থবছরে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ১৩ লক্ষ ৭৬ জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির অর্থ মোবাইল/এজেন্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির ৯৪ লক্ষ ২৬ হাজার জনের (৩১ অক্টোবর ২০২৩ পর্যন্ত) পেরোল পাওয়া গিয়াছে। অবশিষ্ট যে সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে তাদের পেরোল আসা প্রক্রিয়াধীন রয়েছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার জন্য নতুন ভাতা প্রাপ্তির অনলাইন আবেদন জমা পড়েছে মোট ৩৭ লক্ষ ৭ হাজার (৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত)।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরী আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। ছাড়কৃত ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকার বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ খাতের ১ম কিস্তির ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ৫ লক্ষ ৫০ হাজার টাকাসহ সর্বমোট ১৯ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম খাতের বরাদ্দকৃত ২৫ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকার চেক পাওয়া গিয়েছে। ১ম কিস্তির অবশিষ্ট ২৯ লক্ষ ১১ হাজার টাকার বিল সমাজকল্যাণ মন্ত্রণালয়ের চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৫) ২০২৩-২৪ অর্থবছরে শহর সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ১৫ কোটি টাকার মধ্যে অন্যান্য অনুদান বাবদ ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ১ম কিস্তি বাবদ ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। ০৯, ১০ ও ১১ অক্টোবর ২০২৩ তারিখ ১৮টি কার্যালয়ের সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও দক্ষতা উন্নয়ন এর নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

(০৬) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫৩৩টি হাসপাতালে অক্টোবর ২০২৩ মাসে মোট ৪৯ হাজার ৬৬২ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৫ হাজার ৯৬৪ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৫৫ হাজার ৪১৩ জন এবং পুনর্বাসন ০২ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে অক্টোবর ২০২৩ মাসে সংগৃহীত ৫৩৩টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ১ কোটি ১০ লক্ষ ৮০ হাজার ৭১৪ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ৯১ লক্ষ ৮৪ হাজার ৫১০ টাকা।

(০৭) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় অক্টোবর ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৪৫৯ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ৩৩৯ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে অব্যাহতির জন্য আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ৮৩ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৬৭ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ১০৮ জন প্রবেশনার এবং কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ২০৮ জন ব্যক্তিকে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ১ হাজার ৮৬৭ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অক্টোবর ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৩ লক্ষ ৮৬ হাজার ৫৮০ টাকা।

(০৮) সমাজসেবা অধিদপ্তরাধীন সকল আবাসিক প্রতিষ্ঠানের খন্ডকালীন চিকিৎসকের সম্মানী ভাতার হার পুন:নির্ধারণের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১২.০০১.২২.৯২ তারিখ ২ অক্টোবর ২০২৩ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৯) সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ০৯ ফ্রেবুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৫তম বৈঠকের সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিভাবকত্ব গ্রহণ আইন বা বিধি সহজিকরণ সংক্রান্ত সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০৪.২৩.১৩১ তারিখ ৯ অক্টোবর ২০২৩ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) ১৪ অক্টোবর ২০২৩ সময়কালীন ২৮ তম "জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ" সফলভাবে বাস্তাবায়নের লক্ষ্যে সকল আবাসিক প্রতিষ্ঠানে ১ (এক) ডোজ কৃমিনাশক ঔষধ সেবন কার্যক্রমে অংশগ্রহণের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১. ০০০০.০৬২.১৮.০০৪.২২.১০২ তারিখ ১৩ অক্টোবর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) "শেখ রাসেল দিবস-২০২৩" উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালনের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬২.২৩.০০২.২০.১০৩ তারিখ ১৫ অক্টোবর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) আবাসিক প্রতিষ্ঠানসমূহে নিবাসিদের নিরাপত্তা জোরদারকরণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২ .১৮.০০২.২১.১০৬ তারিখ ১৭ অক্টোবর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) আসন্ন "শুভ বড়দিন" এবং Happy New Year-2024" এর শুভেচ্ছা কার্ডের নমুনা সংগ্রহের জন্য অটিস্টিক শিশু শিল্পী কর্তৃক আঁকা ছবি প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.১০৩.১৮. ৫০৫ তারিখ ২৩ অক্টোবর ২০২৩ যোগে সকল প্রতিষ্ঠান প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) ২০২৩-২০২৪ অর্থবছরে বেসরকারি এতিমখানার নিবাসিদের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট (অনুদান) বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.০২৩.১৮.৫০৭ তারিখ ২৩ অক্টোবর ২০২৩ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) 'সর্বজনীন মানবাধিকার ঘোষণায় প্রবীণদের জন্যে প্রদত্ত প্রতিশ্রুতি পূরণে প্রজন্মের ভূমিকা', প্রতিপাদ্যকে সামনে রেখে দেশব্যাপী ০১ অক্টোবর ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। দিবস উপলক্ষে র‌্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বিশেষ অতিথি জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, জনাব রাশেদ খান মেনন, এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য রাখেন জনাব ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত, এমপি (সাবেক উপাচার্য, বিএসএমএমইউ ও বিশেষজ্ঞ চিকিৎসক)।

(১৬) ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস ২০২৩" সমাজসেবা অধিদপ্তর কর্তৃক যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বিশেষ অতিথি জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ খায়রুল আলম শেখ, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। স্বাগত বক্তব্য রাখেন জনাব ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।

## (১০) গ. আগামী ২ মাসে (নভেম্বর ২০২৩ ও ডিসেম্বর ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) অক্টোবর ২০২৩ মাসে সকল ভাতাভোগীর ১ম কিস্তির ভাতা ও উপবৃত্তির অর্থ তাদের মোবাইল হিসাব নম্বরে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হবে এবং ২য় কিস্তির (অক্টোবর ২৩ হতে ডিসেম্বর ২৩ পর্যন্ত) অর্থ ছাড়ের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকার বিল পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে। এছাড়া প্রশিক্ষণ খাতের ১ম কিস্তির ১৩ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি আদেশ পাওয়া গেলে জেলা/উপজেলা পর্যায়ে বিতরণ করা হবে।

(০৩) ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকা মাঠ পর্যায়ে বিতরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২য় কিস্তি বাবদ ৬ কোটি ২৫ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরের শহর সমাজসেবা (ইউসিডি) কার্যক্রমের ১৫ কোটি টাকার মধ্যে আবর্তক ক্ষুদ্রঋণ খাতের ২য় কিস্তির ১৩ কোটি ৯০ লক্ষ টাকা ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।

(০৫) শহর সমাজসেবা কার্যালয়, কক্সবাজার এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় 4IR ভিত্তিক অকুপেশন তথা -Web Development (level-2) শহর সমাজসেবা কার্যক্রম (ইউসিডি) ও এটুআইয়ের সহযোগিতায় আলাদা ল্যাব গঠনসহ চালু করা হবে।

(০৬) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এইচ এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুতের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৭) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (নভেম্বর ২০২৩ ও ডিসেম্বর ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

লাভলী খানম
সহকারি পরিচালক
গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ
সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর

আদিল মোস্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।